# রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

অধ্যক্ষের কার্যালয়

website: www.ranguniacollege.edu.bd/E-mail:info@ranguniacollege.edu.bd


স্থাপিতঃ ১৯৬৩ ইং

নং- ২০২২/০১৪ তারিখ: ১১/০১/২০২২ খ্রি

## ২০২০ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সংশোধিত বিজ্ঞপ্তি

কলেজের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তির (স্মারক নং- ০৫(৫২৫) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রি পাস/ ২০২০/৪০৭৮ তারিখ : ০৪/০১/২০২২খ্রি.) নির্দেশনা অনুযায়ী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৭-২০১৮,২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার ফরম পূরণ শুরু হয়েছে। আগ্রহী পরীক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass) এ গিয়ে Apply to online Form Fillup (For Student)- এ লিংক ক্লিক করে নিজ রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। পূরণকৃত ফরম প্রিন্ট করে উক্ত প্রিন্ট কলেজ অফিসে প্রদর্শন পূর্বক বকেয়া টাকার রসিদ সংগ্রহ করতে হবে। গৃহীত রসিদের মাধ্যমে আগামী ১০/০২/২০২২খ্রি. তারিখের মধ্যে "বাংলাদেশ কৃষি ব্যাংক" রাংগুনিয়া কলেজ শাখায় টাকা জমা করে, উক্ত রসিদ নিম্নলিখিত সম্মানিত পরীক্ষা কমিটিকে প্রদর্শন করে নামের পাশে উল্লিখিত তারিখের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে আবেদন ফরম জমা দেয়ার জন্য পরামর্শ দেয়া গেল।

**সম্মানিত পরীক্ষা কমিটি নিম্নরূপ ঃ**

| পরীক্ষা কমিটির নাম | বিভাগ | শিক্ষার্থী কর্তৃক ফরম পূরণের তারিখ | পূরণকৃত ফরম জমা দেয়ার তারিখ |
|---|---|---|---|
| জনাব মর্তুজা মোরশেদুল আনোয়ার | বিএ | ২৪/০১/২০২২খ্রি. হতে ২০/০২/২০২২খ্রি. পর্যন্ত | ১৬/০২/২০২২খ্রি. হতে ২০/০২/২০২২খ্রি. পর্যন্ত |
| জনাব জয়নাল আবেদীন | বিএসএস/বিএসসি | | |
| জনাব আখতারুজ্জামান | বিবিএস | | |

**পরীক্ষার্থীদের করণীয় ঃ**

১. আগামী ১২/০২/২০২২ খ্রি. তারিখ থেকে অনুষ্ঠিতব্য ইনকোর্স পরীক্ষায় আবশ্যকীয়ভাবে অংশগ্রহণ করতে হবে।

২. পরীক্ষার্থীগণ আবেদন ফরম অনলাইন থেকে সংগ্রহ করার সময় সঠিকভাবে বিষয়কোড লিখতে হবে। ভুল বিষয়কোড পূরণের জন্য ছাত্র-ছাত্রী নিজেই দায়ী থাকবে।

৩. পূরণকৃত আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ০২ কপি রঙ্গিন ছবি আটা দিয়ে লাগাতে হবে ।

**পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:**

**ক) ডিগ্রি পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত: (৭০০ নম্বর)**

১. ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৯ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

২. উপরোক্ত শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে "বাংলা জাতীয় ভাষা" আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৩. ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

**খ) ডিগ্রি পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত: (৭০০ নম্বর)**

১. ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ২০১৯, ২০১৮, ২০১৭, ২০১৬ ও ২০১৫ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০১৯, ২০১৮, ২০১৭ ও ২০১৬ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২. ২০১৭-২০১৮শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০১৯ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে শর্তসাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted- C) হয়েছে সে সকল শিক্ষার্থীরা অনুপস্থিত বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

৩. উপরোক্ত শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে "বাংলা জাতীয় ভাষা" আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪. ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

**গ) অকৃতকার্য ও মানোন্নয়ন :**

১. ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী যারা ২০১৯, ২০১৮, ২০১৭ ও ২০১৬ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোন পত্রে/কোর্সে F গ্রেড পেয়েছে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২. ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী যারা ২০১৯ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে কোন পত্রে/কোর্সে C গ্রেড বা D গ্রেড পেয়েছে তারা সর্বোচ্চ দু'টি কোর্সে/পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

উল্লিখিত তারিখের মধ্যে ফরম জমা দিতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশ গ্রহণে সৃষ্ট যেকোন জটিলতার জন্য কেবল মাত্র শিক্ষার্থী নিজেই দায়ী থাকবে। কলেজ কৃর্তপক্ষকে কোনরূপ দায়ী করা যাবে না।

১১/০১/২০২২

এ. কে. এম. সুজা উদ্দীন

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

এ.কে.এম. সুজা উদ্দীন
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাংগুনিয়া সরকারি কলেজ
রাংগুনিয়া, চট্টগ্রাম।

অনুলিপি ঃ

১. জনাব মর্তুজা মোরশেদুল আনোয়ার, আহ্বায়ক, ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি-২০২০।

২. জনাব জয়নাল আবেদীন, সদস্য, ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি-২০২০।

৩. জনাব আখতারুজ্জামান, সদস্য, ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি-২০২০।

৪. জনাব এ.কে.এম আবু মুসা, প্রধান সহকারী ও জনাব মোঃ ছফুর মিয়া, কম্পিউটার অপারেটর - ডাটা এন্ট্রি ও ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য।

৫. অফিস নথি।